



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/1/2021

গভর্নর ক্যাথি হোচুল

রেনসেলার, ওটসেগো, ও ন্যায়াগ্রা কাউন্টির জন্য ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের কাছ থেকে ভৌত দুর্যোগের ঘোষণার জন্য গভর্নর হোচুলের অনুরোধ

তীব্র বিরূপ আবহাওয়ার পরে, সহায়তার জন্য ফেডারেল অনুমোদনের আনুষ্ঠানিক অনুরোধ জানিয়েছেন গভর্নর

একবার অনুমোদিত হলে, এই ঘোষণা ক্ষতিগ্রস্ত ব্যক্তি, পরিবার, ব্যবসা প্রতিষ্ঠান, ও অলাভজনক সংস্থাগুলোকে তাদের ক্ষতি কাটিয়ে উঠায় সাহায্য করতে নিম্ন সুদে ঋণের জন্য আবেদন করার সুযোগ দিবে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন তিনি রেনসেলার, ওটসেগো, ও ন্যায়াগ্রা কাউন্টির জন্য ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের কাছ থেকে ভৌত দুর্যোগের ঘোষণার জন্য অনুরোধ জানিয়েছেন। এই অনুরোধগুলো তীব্র বিরূপ আবহাওয়ার সাথে সম্পর্কিত যার কারণে ঘরবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে। দুর্যোগের পরে ক্ষতিগ্রস্ত হওয়া কমিউনিটিগুলোতে ক্ষয়ক্ষতির জরিপ করার জন্য স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) রেনসেলার, ওটসেগো, ও ন্যায়াগ্রা কাউন্টির জরুরি ব্যবস্থাপনা কর্মকর্তাদের সাথে অংশীদারিত্ব গড়ে তুলেছে। এই ঘোষণা অনুমোদিত হলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি, পরিবার, ব্যবসা প্রতিষ্ঠান ও অলাভজনক সংস্থাগুলো তাদের ক্ষতি কাটিয়ে উঠায় সাহায্য করতে ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের কাছ থেকে কম সুদে ঋণের জন্য আবেদন করার সুযোগ পাবে।

"এই প্রাকৃতিক দুর্যোগগুলো নিউ ইয়র্কবাসীদের জীবনকে ব্যাহত করেছে, কিন্তু আমরা আমাদের কমিউনিটিকে ক্ষতি কাটিয়ে উঠায় সাহায্য করতে কাজ করে যাচ্ছি," বলেছেন গভর্নর হোচুল। "আমি দুর্যোগের ঘোষণাগুলোর জন্য অনুরোধ জানাচ্ছি যাতে ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীরা তাদের নিজের পায়ে দাঁড়ানোর জন্য এবং তাদের ঘরবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠান পুনর্নির্মাণের জন্য প্রয়োজনীয় সহায়তা পান।"

ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের ঋণ জরুরি অবস্থা বা আবহাওয়াজনিত বিপর্যয় পরবর্তী সময়ে যোগ্য বাড়ির মালিক, ভাড়াটিয়া, ব্যবসা প্রতিষ্ঠান ও আর্থিক সহায়তার প্রয়োজন হওয়া অন্যান্যদের সাহায্য দিয়ে থাকে।

অনুমোদন পেলে, 18টি কাউন্টির নিম্নলিখিত গ্রুপগুলো SBA ঋণ থেকে সাহায্য পাওয়ার যোগ্য হতে পারেন:

- বাড়ির মালিক: ক্ষতিগ্রস্ত হওয়া অথবা ধ্বংস হয়ে যাওয়া ঘরবাড়ি মেরামত বা প্রতিস্থাপনের জন্য তহবিল।
- বাড়ির মালিক ও ভাড়াটিয়া: ক্ষতিগ্রস্ত হওয়া অথবা ধ্বংস হয়ে যাওয়া ব্যক্তিগত সম্পত্তি মেরামত বা প্রতিস্থাপনের জন্য তহবিল।
- ব্যবসা প্রতিষ্ঠানের মালিক: স্থাপনা, মালামাল, যন্ত্রপাতি, সরঞ্জাম ও অন্যান্য ভৌত ক্ষয়ক্ষতি প্রতিস্থাপনের জন্য তহবিল।
- ব্যবসা প্রতিষ্ঠান ও অলাভজনক সংস্থা: দুর্ঘটনের পরে স্বাভাবিক কার্যক্রম পুনরায় শুরু না হওয়া পর্যন্ত কাজ চালিয়ে নেয়ার জন্য প্রয়োজনীয় মূলধন সরবরাহ করতে অর্থনৈতিক ক্ষতির জন্য দুর্ঘটনাকালীন ঋণ (Economic Injury Disaster Loans)।

অনুমোদন পেলে, যোগাযোগের পয়েন্ট স্থাপন করতে এবং এই বিরূপ আবহাওয়ার কারণে ক্ষতিগ্রস্ত হওয়া বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানের মালিকদের সাথে যোগাযোগের জন্য ক্ষুদ্র ব্যবসা প্রশাসন সংশ্লিষ্ট কাউন্টিগুলোর সাথে কাজ করবে।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর কমিশনার প্যাট্রিক এ. মার্কি বলেন, "জুলাইয়ে ঘটে যাওয়া এই বিরূপ আবহাওয়া পরবর্তী সময়ে আমাদের টিম ট্রাণের প্রয়োজন থাকা এলাকাগুলো চিহ্নিত করার লক্ষ্যে কাউন্টি সরকারের অংশীদারদের সাথে তাদের নিজ নিজ কাউন্টিতে ক্ষয়ক্ষতি মূল্যায়নের জন্য মাঠপর্যায়ে কাজ করেছে। এই কমিউনিটিগুলোকে ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠতে ও পুনর্নির্মাণের কাজে সাহায্য করতে আমরা তাদের সহায়তা করা অব্যাহত রেখেছি এবং ভবিষ্যতেও গর্বের সাথে অব্যাহত রাখবো।"

রেনসেলার কাউন্টির জন্য অনুরোধ

রেনসেলার কাউন্টিতে 14 জুলাইয়ে ঘটা তীব্র বিরূপ আবহাওয়ার কারণে 18টি বাড়ি ও 9টি ব্যবসা প্রতিষ্ঠানে বড় ধরনের ক্ষয়ক্ষতি হয়েছে যার মোট আর্থিক মূল্য 1,895,000 ডলার। এছাড়াও 281টি বাড়ি ও 14টি ব্যবসা প্রতিষ্ঠানে ছোটখাট ক্ষয়ক্ষতি হয়েছে যার মোট আর্থিক মূল্য 2,300,000 ডলার। যদি রেনসেলার কাউন্টির জন্য ঘোষণাটি অনুমোদিত হয়, তাহলে এতে পার্শ্ববর্তী আলবানি, কলম্বিয়া, গ্রিন, সারাটোগা ও ওয়াশিংটন কাউন্টি অন্তর্ভুক্ত হবে।

ওটসেগো কাউন্টির জন্য অনুরোধ

16 জুলাই থেকে 19 জুলাই পর্যন্ত ওটসেগো কাউন্টিতে ঘটা তীব্র বিরূপ আবহাওয়ার কারণে 19টি বাড়ি ও 9টি ব্যবসা প্রতিষ্ঠানে বড় ধরনের ক্ষয়ক্ষতি হয়েছে যার মোট আর্থিক মূল্য 845,000 ডলার। এছাড়াও 32টি বাড়ি ও 1টি ব্যবসা প্রতিষ্ঠানে ছোটখাট ক্ষয়ক্ষতি হয়েছে যার মোট আর্থিক মূল্য 255,000 ডলার। যদি ওটসেগো কাউন্টির জন্য ঘোষণাটি অনুমোদিত হয়, তাহলে এতে পার্শ্ববর্তী স্কহারি, ডেলাওয়ার, শেনাংগো, ম্যাডিসন, ওনেইডা, হারকিমার ও মন্টগোমেরি কাউন্টি অন্তর্ভুক্ত হবে।

নায়গ্রা কাউন্টির জন্য অনুরোধ

নায়গ্রা কাউন্টিতে 20 জুলাইয়ে ঘটা তীব্র বিরূপ আবহাওয়ার কারণে 29টি বাড়ির বড় ধরনের ক্ষয়ক্ষতি হয়েছে যার মোট আর্থিক মূল্য 542,000 ডলার। এছাড়াও 1,122টি বাড়ি ও 35টি ব্যবসা প্রতিষ্ঠানে ছোটখাট ক্ষয়ক্ষতি হয়েছে যার মোট আর্থিক মূল্য 11,715,000 ডলার। যদি নায়গ্রা কাউন্টির জন্য ঘোষণাটি অনুমোদিত হয়, তাহলে এতে পার্শ্ববর্তী এরি, গিনিস ও অরলিন্স কাউন্টি অন্তর্ভুক্ত হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)